

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৬৫.০৩২.০৭.০০.০০১.২০১৮-১৪১

তারিখ: ০৪-০৮-২০২০ খ্রি:

বিষয়: কমিউনিক্যাবল ডিজিজ কন্ট্রোল (সিডিসি) ওপি২ ২০২০-২০২১ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের এবং জিওবি (উন্নয়) খাতের প্রকিউরমেন্ট প্ল্যান (সার্ভিসেস)-এর প্রশাসনিক অনুমোদন

সূত্র: (১) স্মারক নং-স্বা:অধি:/রো:নি:/হিসাব/ক্রয়/সার্ভিস/২০২০-২০২১/২৫২:৫, তাং-২১-০৭-২০২০ খ্রি:
(২) স্মারক নং-স্বা:অধি:/রো:নি:/হিসাব/ক্রয়/সার্ভিস/২০২০-২০২১/২৫২:৪, তাং-২১-০৭-২০২০ খ্রি:


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, কমিউনিক্যাবল ডিজিজ কন্ট্রোল (সিডিসি) এর ২ নং সূত্রের পত্রের আলোকে উক্ত ওপি২ ২০২০-২০২১ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের ৫টি প্যাকেজের বিপরীতে প্রণীত ৮৬.০০ লক্ষ (ছিয়াশি লক্ষ) টাকার প্রকিউরমেন্ট প্ল্যান (সার্ভিসেস)-এ নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ ও আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এবং বিদ্যমান সকল আর্থিক বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে;
- (খ) একক উৎস ভিত্তিক নির্বাচন (এসএসএস) এর ক্ষেত্রে পিপিআর, ২০০৮ এর ধারা ১১০ যথাযথভাবে অনুসরণ করতে হবে; এবং প্রকিউরমেন্ট প্ল্যান Supply Chain Management Portal (SCMP)- এ দাখিল করতে হবে;
- (গ) বর্ণিত প্যাকেজের চুক্তি মূল্য অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের মধ্যে থাকতে হবে এবং বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- (ঘ) ক্রয় পরিকল্পনায় কোন অনিয়ম সংগঠিত হলে ক্রয়কারী দায়ী থাকবেন।

২। ১ নং সূত্রের পত্রে জিওবি খাতে প্রস্তাবিত প্রকিউরমেন্ট প্ল্যান (সার্ভিসেস) ওপি-তে সংস্থানকৃত অর্থের চেয়ে বেশী/সামঞ্জস্যপূর্ণ না হওয়ায় বরাদ্দের আলোকে পুনঃ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক


(হাসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর
কমিউনিক্যাবল ডিজিজ কন্ট্রোল (সিডিসি)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

\\172.17.100.141\d\Letter\LD.CDC.doc